গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০২.২০২৩-০১

তারিখঃ ১৭ পৌষ ১৪২৯ / ০১ জানুয়ারি ২০২৩

বিষয় : **কারা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কারারক্ষী/মহিলা কারারক্ষী থেকে প্রধান কারারক্ষী পর্যন্ত সকল পদে বদলি প্রথা সারা দেশব্যাপী উন্মুক্তকরণ প্রসঙ্গে**

সূত্র : সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা-১ শাখার স্মারক নম্বর:৫৮.০০.০০০০.০৮৪.১৯.০০২.২২.৫৫১ তারিখ: ১৮-১২-২০২২

সূত্রস্থ স্মারকের মাধ্যমে অনুমোদিত কারা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কারারক্ষী/মহিলা কারারক্ষী থেকে প্রধান কারারক্ষী পর্যন্ত সকল পদে বদলি প্রথা সারা দেশব্যাপী উন্মুক্তকরণ সংক্রান্ত নীতিমালার কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ নীতিমালা- ০২ (দুই) পাতা।

০১/০১/২০২৩

শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)।
addl.ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

অনুলিপিঃ

১। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

২। সহকারী কারা মহাপরিদর্শক, সকল
কারা অধিদপ্তর, ঢাকা।

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের জন্য।

৪। কারা মহাপরিদর্শক/অতিঃ কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী।
মহোদয়গণের সদয় অবগতির জন্য।

## কারা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কারারক্ষী/মহিলা কারারক্ষী হতে প্রধান কারারক্ষী পর্যন্ত কর্মচারীদের বদলি প্রথা সারাদেশব্যাপী উন্মুক্তকরণ নীতিমালা ঃ

১। একই আঞ্চলিক বিভাগের অধীনস্থ কারাগার/দপ্তর সমূহে বদলি ঃ

(ক) সংশ্লিষ্ট বিভাগের কারা উপ-মহাপরিদর্শক তার অধিক্ষেত্রের কারাগার/দপ্তরসমূহে কারারক্ষী/মহিলা কারারক্ষী হতে প্রধান কারারক্ষী পর্যন্ত কর্মচারীদের যথাযথ নিয়মে পারস্পারিক বদলি/পদায়ন/সংযুক্ত করতে পারবেন। তবে পিআরএল গমনের উদ্দ্যেশ্য ব্যতীত নিজ জেলায় পদায়ন করা যাবেনা। প্রশাসনিক স্বার্থে বা বিশেষ কোন যুক্তিসংগত কারণে কোন কর্মচারীকে যেকোন সময় নিজ বিভাগের মধ্যে বদলি করতে পারবেন। এ ক্ষেত্রে কারা অধিদপ্তরের অনুমতি গ্রহণের প্রয়োজন হবে না। তবে বদলির আদেশের অনুলিপি কারা অধিদপ্তরে প্রেরণ পূর্বক অবহিত করতে হবে।

(খ) সংশ্লিষ্ট কর্মচারীগন একটি আঞ্চলিক বিভাগে সর্বোচ্চ ০৬ (ছয়) বৎসর চাকরি করতে পারবেন। তবে চাকরি থেকে অবসর (স্বেচ্ছায়/৫৯ বৎসর পূর্তিতে) গমনের ক্ষেত্রে কোন কর্মচারী কোন আঞ্চলিক বিভাগে উপরোক্ত মেয়াদে বা যে কোন মেয়াদে চাকরিকাল অতিবাহিত করলেও কারা মহাপরিদর্শক এর অনুমতিক্রমে তিনি পূনরায় নিজ বিভাগে প্রত্যাবর্তন করতে পারবেন।

২। এক আঞ্চলিক বিভাগ হতে অন্য আঞ্চলিক বিভাগে বদলি ঃ

(ক) সংশ্লিষ্ট কর্মচারীদের এক আঞ্চলিক বিভাগ থেকে অন্য আঞ্চলিক বিভাগে বদলীর ক্ষমতা কারা মহাপরিদর্শক সংরক্ষণ করবেন। আঞ্চলিক বিভাগে বদলির ক্ষেত্রে নিকটবর্তী আঞ্চলিক বিভাগে বদলির বিষয়টি অগ্রাধিকার হিসাবে বিবেচনায় রাখা যেতে পারে। কোন আঞ্চলিক বিভাগে কোন কর্মচারীর সর্বোচ্চ ০৬ (ছয়) বৎসর চাকরিকাল অতিবাহিত হওয়ার ০৬ (ছয়) মাস পূর্বে সংশ্লিষ্ট আঞ্চলিক বিভাগের স্ব-স্ব কারা উপ-মহাপরিদর্শকগণ গ্রেডেশন অনুযায়ী বদলিযোগ্য কর্মচারীদের তালিকা প্রস্তুত করে কারা অধিদপ্তরে প্রেরণ করবেন। কারা অধিদপ্তর বদলিকৃত কর্মচারীদের তালিকা আঞ্চলিক বিভাগে প্রেরণ করবেন। আঞ্চলিক বিভাগের কারা উপ-মহাপরিদর্শকগন বদলির আদেশপ্রাপ্ত কর্মচারীদের তার বিভাগে তালিকাভূক্ত করে পুনরায় তার অধিক্ষেত্রের কারাগার/দপ্তর সমূহে বদলি/পদায়নের আদেশ জারীপূর্বক কারা অধিদপ্তরকে অবগত করবেন। এ ক্ষেত্রে বদলিকৃত কর্মচারীদের আঞ্চলিক বিভাগীয় দপ্তরে স্বশরীরে উপস্থিত হওয়ার প্রয়োজন নাই। আঞ্চলিক বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শক এর বদলির আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীগন সরাসরি বদলি/পদায়নকৃত কারাগারে যোগদান করবেন। এর ফলে যোগদানের জন্য ট্রানজিট সময় কমবে ও সরকারের আর্থিক সাশ্রয় হবে এবং কর্মচারীদেরও আর্থিক অপচয়সহ শারীরিক ও মানসিক কষ্ট কম হবে।

(খ) নব নিয়োগপ্রাপ্ত কারারক্ষী ও মহিলা কারারক্ষীগণ তাদের চাকরি জীবনের প্রথম পাঁচ বছর নিজ বিভাগের বাহিরে অন্য বিভাগে চাকরি করবেন। যে কোন কর্মচারী PRL গমনের সুবিধার্থে PRL গমনের ০১ (এক) বছর পূর্বে নিজ জেলায় অথবা সুবিধামত কারাগারে বদলির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কারা মহাপরিদর্শক বরাবরে আবেদন করতে পারবেন এবং আবেদনের যৌক্তিকতা বিচারে কারা মহাপরিদর্শক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখ্য যে, এই ০১ (এক) বছর চাকুরিকাল একই বিভাগে ০৬(ছয়) বছর চাকুরির শর্তের অতিরিক্ত সুবিধা হিসেবে গণ্য হবে।

(গ) কারা মহাপরিদর্শক যে কোন সময় যে কোন কারারক্ষী, মহিলা কারারক্ষী, সহকারী প্রধান কারারক্ষী এবং প্রধান কারারক্ষীকে এক বিভাগ হতে অন্য বিভাগে বদলি করতে পারবেন।

৩। জ্যেষ্ঠতা ও পদোন্নতিঃ

কারা অধিদপ্তরের অন্যান্য পদের ন্যায় কারারক্ষী/মহিলা কারারক্ষী হতে প্রধান কারারক্ষী পর্যন্ত কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত সকল পদের জ্যেষ্ঠতা তালিকা কারা অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে হালনাগাদ করে সংরক্ষণ করা হবে। কারা উপ মহাপরিদর্শকগণ উক্ত তালিকার কপি সংরক্ষণ করবেন এবং বদলি, পদোন্নতি ও অন্যান্য দাপ্তরিক কাজে এই তালিকা অনুসরণ করবেন।

৪। ছুটি সম্পর্কিত ঃ

ছুটি বিধিমালা অনুযায়ী সকল কর্মচারীগণ যাতে যথাযথভাবে (যেমনঃ CL, EL, Transit Leave ও অন্যান্য) ছুটি ভোগ করতে পারেন সে বিষয় কারা উপ-মহাপরিদর্শকগণ ও স্থানীয় কর্তৃপক্ষ নিশ্চিত করবেন।

এ এস এম আনিসুল হক
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪৪৪।(দপ্তর)
ig@prison.gov.bd